

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৬-১০-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৩-১০-২০২৩ থেকে ২৫-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**২৩ অক্টোবর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**২৪ অক্টোবর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের হাওড়া জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** উলুবেড়িয়া:৯; সন্টলেক:৩; বসিরহাট, ঝাড়গ্রাম, সবং:২; দিঘা, হরিণখোলা, ডায়মন্ড হারবার, ইটামোগরা:১

**২৫ অক্টোবর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান, কলকাতা, নদীয়া ও উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** আলিপুর:১

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮০ থেকে ৯১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৫ থেকে ৯১ শতাংশ।

**সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৫ই অক্টোবর ডায়মন্ড হারবারে ৩২.৯ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৩ ও ২৪ ই অক্টোবর পুরুলিয়া তে ১৮.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

### **পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :**

#### **২৬ অক্টোবর (দিন ১) -**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আগামী ৩ দিন, রাতের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস কমবে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

#### **২৭ অক্টোবর (দিন ২)-**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

#### **২৮ অক্টোবর (দিন ৩) -**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### **সতর্কীকরণ:**

#### **২৬ অক্টোবর (দিন ১) -**

কোন সতর্কবার্তা নেই।

২৭ অক্টোবর (দিন ২)-

কোন সতর্কবার্তা নেই।

২৮ অক্টোবর (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত  
২৬

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

২৬-১০-২০২৩